Excelsior Pass Plusসম্বন্ধে

Excelsior Pass *Plus* কী?

Excelsior Pass *Plus* হল আপনার COVID-19 টিকাকরণ রেকর্ডের বা পরীক্ষার নেগেটিভ ফলাফলের একটি সুরক্ষিত, ডিজিটাল কপি।

আপনার Excelsior Pass *Plus* আপনার COVID-19 টিকাকরণের রেকর্ড বা নেগেটিভ পরীক্ষার ফলাফলের একটি সুরক্ষিত অ্যাক্সেস প্রদান করে স্বাস্থ্যের তথ্যের অন্তর্ভুক্তি আপনাকে আপনার COVID-19 টিকাকরণ বা পরীক্ষার নেগেটিভ ফলের একটি যাচাইযোগ্য রেকর্ড আপনার নাগালের মধ্যে রাখতে সক্ষম করে। আপনি আপনার রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (Centers for Disease Control and Prevention, CDC) (CDC Vaccination Card) টিকাকরণ কার্ড বা ল্যাবরেটরির পরীক্ষার কাগজের ফলাফলে যে তথ্য খুঁজে পাবেন সেই একই তথ্য এতে অন্তর্ভুক্ত থাকে, রেকর্ড রাখা ও/বা নিউ ইয়র্ক স্টেটের বাইরে ব্যবহারের জন্য।

NYS Excelsior Pass Wallet অ্যাপের মাধ্যমে অথবা Excelsior Pass ওয়েব পোর্টাল এর মাধ্যমে Excelsior Pass *Plus* অ্যাক্সেস করা ও সংরক্ষণ করা যায়, এবং প্রিন্ট করা যায়। NYS Excelsior Pass Wallet অ্যাপটি বিনামূল্যে Apple App Store ও Google Play স্টোর থেকে ডাউনলোড করা যায়।

Excelsior Pass *Plus* 10 টির বেশি ভাষায় উপলব্ধ, যার অন্তর্ভুক্ত হল: ইংরেজি, স্প্যানিশ, চীনা (পরম্পরাগত ও সরলীকৃত), রাশিয়ান, হাইতিয়ান-ক্রেওল, কোরিয়ান, বাংলা, আরবী, ইটালিয়ান, পোলিশ ও ইদ্দিশ।

বিভিন্ন ধরনের Excelsior Pass *Plus* আছে কি?

ঠিক Excelsior Pass এর মতোই, বর্তমানে তিন ধরনের Excelsior Pass *Plus* আছে:

- Excelsior Vaccination Pass *Plus* (এক্সেলসিয়র টিকাকরণের পাস প্লাস) (টিকার চূড়ান্ত ডোজটি প্রয়োগ করার 15 দিন পরে উপলব্ধ হয়; একজন ব্যক্তির টিকাকরণের রেকর্ডের একটি ডিজিটাল কপি হিসাবে, মেয়াদ শেষ হওয়ার তারিখ নেই)
    - 8 নভেম্বর পর্যন্ত, যে সকল ব্যক্তি COVID-19 টিকার একটি বুস্টার বা অতিরিক্ত ডোজ পেয়েছেন তাদের পাওয়া সমস্ত Excelsior Vaccination Pass Plus এ এই তথ্য তাদের Excelsior Vaccination Pass Plus এ অন্তর্ভুক্ত থাকবে যা একজন ব্যক্তি ডোজ নেওয়ার 3 – 4 দিন পরে উপলব্ধ হয়, মেয়াদ শেষ হওয়ার তারিখ নেই
- Excelsior PCR Pass *Plus* (এক্সেলসিয়র পিসিআর পাস প্লাস) (একটি পরীক্ষার পরে তৃতীয় দিনের মধ্যরাত্রি পর্যন্ত বৈধ)
- Excelsior Antigen Pass *Plus* (এক্সেলসিয়র অ্যান্টিজেন পাস প্লাস) (একটি পরীক্ষার সময় থেকে 6 ঘণ্টার জন্য বৈধ)

8 নভেম্বর পর্যন্ত, যে সকল নিউ ইয়র্কবাসী COVID-19 টিকার একটি বুস্টার বা অতিরিক্ত ডোজ পেয়েছেন তারা তাদের Excelsior Vaccination Pass *Plus*পেতে পারেন—যার মধ্যে, একজন ব্যক্তির টিকাকরণের রেকর্ডের সুরক্ষিত কপি হিসেবে-আজ পর্যন্ত প্রাপ্ত সমস্ত COVID-19 ডোজ অন্তর্ভুক্ত আছে। আপনি যদি এই আপডেট করার আগে, পূর্বেই আপনার Excelsior Vaccination Pass *Plus* পেয়ে থাকেন, তাহলে যে কোনো সময় একটি নতুন Excelsior Vaccination Pass Plus পেতে শুধুমাত্র epass.ny.gov দেখুন।

একটি Excelsior Pass Plus পাওয়া

আমি Excelsior Vaccination Pass *Plus* পাওয়ার যোগ্য কিনা তা আমি কীভাবে জানতে পারি?

আপনি Excelsior Vaccination Pass *Plus* পাওয়ার যোগ্য হবেন যদি:

- আপনি আপনার টিকার সিরিজের চূড়ান্ত ডোজটি গ্রহণ করার পর থেকে 15 দিন বা তার বেশি দিন কেটে গেছে যখন গত 10 দিনে আপনার COVID-19 এর পরীক্ষার ফলাফল পজিটিভ হয় নি, এবং:
    - আপনাকে নিউ ইয়র্ক স্টেটে সম্পূর্ণরূপে টিকা দেওয়া হয়েছে অথবা
    - আপনি নিউ ইয়র্কের একজন অধিবাসী যিনি নিউ জার্সি, বা ভারমন্ট স্টেটে সম্পূর্ণরূপে টিকা পেয়েছেন অথবা
    - আপনি নিউ ইয়র্কের একজন অধিবাসী এবং আপনার নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্যসেবা প্রদানকারী নিউ ইয়র্ক স্টেট ও/বা নিউ ইয়র্ক সিটির সুরক্ষিত টিকাকরণ ডেটাবেসগুলিতে আপনার স্টেট-বহির্ভূত COVID-19 টিকাকরণের তথ্য প্রবেশ করিয়েছেন।

অনুগ্রহ করে খেয়াল করুন যে আপনার Excelsior Vaccination Pass *Plus*পাওয়ার জন্য আপনাকে অবশ্যই মার্কিন যুক্তরাষ্ট্রের খাদ্য ও ওষুধ প্রশাসন (Food and Drug Administration, FDA) দ্বারা অনুমোদিত COVID-19 টিকাগুলির মধ্যে একটি পেতে হবে। এই সময়ে, এর মধ্যে রয়েছে সম্পূর্ণরূপে যেটি FDA এর অনুমোদন পাওয়া Pfizer-BioNTech COVID-19 টিকা, এবং যা জরুরি ব্যবহারের জন্য অনুমোদিত Moderna ও Janssen/Johnson & Johnson (J&J) COVID-19 টিকা। 8 নভেম্বরের আপডেটের পর, নিউ ইয়র্কবাসীরা তাদের বুস্টার বা অতিরিক্ত ডোজ পাওয়ার 3 - 4 দিন পরে তাদের বুস্টার বা অতিরিক্ত ডোজ পাওয়া যাবে বলে আশা করতে পারেন৷

আমি যদি নিউ ইয়র্ক স্টেটের বাইরে টিকা নিয়ে থাকি কিন্তু Excelsior Vaccination Pass *Plus*এর জন্য যোগ্যতার আবশ্যকতাগুলি পূরণ করে থাকি, তাহলে আমি কীভাবে আমার Excelsior Vaccination Pass *Plus*পাবো?

নিউ ইয়র্ক স্টেটের বাইরে, নিউ জার্সি বা ভারমন্টে সম্পূর্ণরূপে টিকা দেওয়া নিউ ইয়র্ক স্টেটের একজন অধিবাসীদের ক্ষেত্রে, আপনার নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্যসেবা প্রদানকারীকে অবশ্যই আপনার টিকাকরণের তথ্য সুরক্ষিত নিউ ইয়র্ক স্টেট ও/বা নিউ ইয়র্ক সিটির টিকাকরণ ডেটাবেসগুলিতে প্রবেশ করাতে হবে, এবং সেই প্রদানকারীকে অবশ্যই COVID-19 টিকা প্রয়োগ করতে হবে। অনুগ্রহ করে খেয়াল করুন যে আপনি যখন Excelsior Pass Web Portal থেকে আপনার Excelsior Vaccination Pass *Plus* পাওয়ার চেষ্টা করেন, তখন আপনার নিউ ইয়র্ক স্বাস্থ্যসেবা প্রদানকারী যে কাউন্টিতে অবস্থিত আপনাকে সেটি প্রবেশ করাতে হবে, আপনি যে কাউন্টিতে আপনার COVID-19 টিকা নিয়েছিলেন সেটি নয়।

আমি Excelsior PCR Pass *Plus*পাওয়ার যোগ্য কিনা তা আমি কীভাবে জানব?

যদি আপনার PCR পরীক্ষাটি নিউ ইয়র্ক স্টেটে করা হয়ে থাকে, আপনার Excelsior PCR Pass *Plus* পাওয়ার চেষ্টা করার আগের 3 দিনের মধ্যে প্রয়োগ করা হয়ে থাকে এবং আপনার ফলাফল নেগেটিভ এসে থাকে, তাহলে আপনি আপনার Excelsior PCR Pass *Plus*পাওয়ার জন্য যোগ্য। একটি Excelsior PCR Pass *Plus* সাধারণভাবে আপনার পরীক্ষাকারী ল্যাবরেটরির কাছ থেকে পরীক্ষার নেগেটিভ ফলাফল পাওয়ার কয়েক ঘণ্টার মধ্যে উপলব্ধ হয়।

আমি Excelsior Antigen Pass *Plus পাওয়ার যোগ্য কিনা তা আমি কীভাবে জানব?*

যদি আপনার অ্যান্টিজেন পরীক্ষাটি নিউ ইয়র্ক স্টেটে করা হয়ে থাকে, আপনার Excelsior Antigen Pass *Plus* পাওয়ার চেষ্টা করার আগের 6 ঘন্টার মধ্যে প্রয়োগ করা হয়ে থাকে এবং আপনার ফলাফল নেগেটিভ এসে থাকে, তাহলে আপনি আপনার Excelsior Antigen Pass*Plus*পাওয়ার জন্য যোগ্য। একটি Excelsior Antigen Pass *Plus* সাধারণভাবে আপনার পরীক্ষাকারী ল্যাবরেটরির কাছ থেকে পরীক্ষার নেগেটিভ ফল পাওয়ার কয়েক ঘণ্টার মধ্যে উপলব্ধ হয়।

আমার 18 বছরের কম বয়সী সন্তান আছে। তাদের কি একটি Excelsior Pass *Plus*প্রয়োজন? তারা কীভাবে একটি Excelsior Pass *Plus*পেতে পারে?

18 বছরের কম বয়সী শিশুরা সহ, নিউ ইয়র্ক স্টেটে COVID-19 এর টিকা বা COVID-19 পরীক্ষার নেগেটিভ ফল পেয়েছেন এমন যে কেউ, একটি Excelsior Pass *Plus*-এর জন্য যোগ্য। মা-বাবা ও আইনি অভিভাবকরা আইনি অভিভাবকত্বের অধীনে শিশু ও নাবালকদের পক্ষ থেকে পাসগুলি নিতে পারেন ও সঞ্চয় করতে পারেন।

আমার Excelsior Pass *Plus*পাওয়ার জন্য আমাকে কী কী তথ্য প্রদান করতে হবে?

আপনার Excelsior Pass *Plus*পাওয়ার জন্য আপনাকে আপনার প্রথম ও শেষ নাম, জন্মের তারিখ, জিপ কোড ও ফোন নম্বর সহ মৌলিক ব্যক্তিগত তথ্য প্রদান করতে হবে। আপনার ক্ষেত্রে অনন্য এমন তিনটি "চ্যালেঞ্জ প্রশ্ন" এর উত্তর সঠিকভাবে দেওয়ার সাথে আপনার তথ্যও আপনাকে যাচাই করতে হবে। Excelsior Pass *Plus* এর এছাড়াও দুটি-ধাপে প্রমাণীকরণের জন্য একটি বৈধ ফোন নম্বর বা ইমেল প্রয়োজন হয়, যা আপনার স্বাস্থ্যের রেকর্ডের সাথে এই তথ্য মেলাতে আমাদের সক্ষম করবে।

আমার Excelsior Pass *Plus* কীভাবে তৈরি করা হয়?

আপনার Excelsior Pass *Plus* আপনার টিকা পরিচালনাকারী বা পরীক্ষার ল্যাবরেটরি দ্বারা নিউ ইয়র্ক স্টেট ও/বা নিউ ইয়র্ক সিটির টিকাকরণ ও COVID-19 পরীক্ষার সুরক্ষিত ডেটাবেসগুলিকে প্রদান করা তথ্যের ভিত্তিতে তৈরি করা হয়।

নিউ ইয়র্ক স্টেটের নিয়ন্ত্রক কর্তৃপক্ষের অধীনে নেই এমন কিছু সত্তা (যেমন রাষ্ট্রীয় সত্তাগুলি, ফার্স্ট নেশন এবং নিউ ইয়র্ক স্টেট-এর বাইরে থাকা অধিকারক্ষেত্রগুলি) এই সিস্টেমগুলিতে রিপোর্ট নাও করতে পারে, যা এই সময়ে একটি Excelsior Pass *Plus* -কে অনুপলভ্য করে দিতে পারে।

আমি একটি Excelsior Pass *Plus*পেতে সমর্থ না হলে আমার কী করা উচিত?

প্রথমত, আপনি Excelsior Pass *Plus*পাওয়ার যোগ্য কিনা তা অবশ্যই নিশ্চিত করুন। যোগ্যতা নিশ্চিত করার পরেও যদি আপনার সমস্যা হয়, তাহলে অনুগ্রহ করে নিশ্চিত করুন যে আপনি যে তথ্যটি প্রবেশ করাচ্ছেন তা আপনার CDC টিকাকরণ কার্ড বা পরীক্ষার ফলাফলের তথ্যের (যেমন, নাম, জন্ম তারিখ এবং জিপ কোড) সাথে মেলে, কারণ আপনার Excelsior Pass *Plus*পাওয়ার জন্য আপনাকে একটি সঠিক মিল সুনিশ্চিত করতে হবে। আপনাকে আপনার টিকার রেকর্ড বা পরীক্ষার নেগেটিভ ফলাফলের সঙ্গে সংশ্লিষ্ট তথ্যের সাথে আপনার ফোন নম্বর বা ইমেইল ঠিকানাকে মেলাতেও হবে।

আমি এখনও আমার Excelsior Pass *Plus*পেতে অক্ষম, আমার কী করা উচিত?

যদি আপনি তাসত্ত্বেও আপনার Excelsior Pass *Plus*পেতে সমর্থ না হন, তাহলে অনুগ্রহ করে একটি রেকর্ড পর্যালোচনার অনুরোধ জমা দিন এবং আমাদের দল আপনার সমস্যার সমাধান করতে সাহায্য করার জন্য আপনাকে পরবর্তী পদক্ষেপগুলি প্রদান করবে। "Describe Your Situation (আপনার পরিস্থিতি বর্ণনা করুন)" ক্ষেত্রে প্রয়োজনীয় সমস্যা এবং সংশোধন (যেমন, নামের প্রথমাংশের বানান ভুল) বর্ণনা করার ব্যাপারে নিশ্চিত হোন।

আপনাকে আপনার টিকা পরিচালক বা পরীক্ষাকারী ল্যাবরেটরির সঙ্গে যোগাযোগ করতেও উৎসাহিত করা হয় যাতে তারা নিশ্চিত করতে পারেন যে তারা আপনার ফোন নম্বর বা ইমেল ঠিকানা সঠিকভাবে প্রবেশ করিয়েছেন, যেহেতু আপনার Excelsior Pass *Plus*পাওয়ার জন্য আপনাকে সেই তথ্যটি সঠিকভাবে মেলাতে হবে। অনুগ্রহ করে জেনে রাখুন যে নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ হেলথ (New York State Department of Health, NYSDOH) নির্দেশিকা অনুসারে, সমস্ত নিউ ইয়র্ক স্টেট টিকা পরিচালনাকারীদের অবশ্যই সুরক্ষিত নিউ ইয়র্ক স্টেট ও/বা নিউ ইয়র্ক সিটি টিকাকরণ এবং COVID-19 পরীক্ষার ডেটাবেসে টিকাকরণের ডেটা জমা দিতে হবে এবং ডেটা প্রবেশ করানো নিয়ে সমস্যা সনাক্ত হলে তাদের প্রবেশ করানো ডেটা পর্যালোচনা এবং সংশোধন উভয়ের জন্য কর্মী উপলব্ধ থাকতে হবে।

Excelsior Pass Plus ব্যবহার করা

আমি কীভাবে অংশগ্রহণকারী সংস্থাগুলিকে আমার Excelsior Pass দেখাতে পারি?

আপনি NYS Excelsior Pass Wallet অ্যাপের মাধ্যমে আপনার স্মার্টফোনে আপনার Excelsior Pass *Plus* নিয়ে আসতে পারেন, অথবা আপনি Excelsior Pass ওয়েব পোর্টাল থেকে আপনার Excelsior Pass *Plus* প্রিন্ট করতে পারেন এবং মুদ্রিত সংস্করণটি পেশ করতে পারেন।

যে সকল প্রতিষ্ঠান Excelsior Pass *Plus* গ্রহণ করে তারা NYS Excelsior Pass Scanner অ্যাপের সাহায্যে আপনার পাস যাচাই করতে পারে।

আপনি যদি 18+ বছর বয়সী একজন প্রাপ্তবয়স্ক হন, তাহলে আপনাকে প্রতিটি অনন্য Excelsior Pass *Plus* এর পাশাপাশিও নাম এবং জন্ম তারিখ সহ একটি বৈধ ফটো ID পেশ করতে হবে। মা-বাবা ও আইনি অভিভাবকরা আইনি অভিভাবকত্বের অধীনে শিশু ও নাবালকদের পক্ষ থেকে পাসগুলি নিতে পারেন ও সঞ্চয় করতে পারেন।

কারা আমার Excelsior Pass *Plus* গ্রহণ করতে পারে?

আপনার Excelsior Pass *Plus* টিকাকরণ ও/বা পরীক্ষার নেগেটিভ ফলাফলের প্রমাণ চাইছে এমন নিউ ইয়র্ক স্টেটের অংশগ্রহণকারী প্রতিষ্ঠানগুলির দ্বারা, ও/বা VCI দ্বারা তৈরি করা SMART Health Cards গ্রহণ করে এমন নিউ ইয়র্ক স্টেটের বাইরের সংস্থাগুলির দ্বারা গৃহীত হতে পারে, যেগুলি ইতিমধ্যেই ক্যালিফোর্নিয়া, লুইসিয়ানা, ভার্জিনিয়া, এবং হাওয়াইয়ের মতো স্টেটগুলিতে ব্যবহার করা হচ্ছে।

VCI দ্বারা তৈরি করা SMART Health Cards Framework, কী ?

VCI এর সাথে অংশীদারিত্বে গড়ে তোলা SMART Health Cards Framework ও বৈশিষ্ট্যগুলি ব্যবহার করে Excelsior Pass Plus তৈরি করা হয়েছে। VCI হলো 800 টি সরকারি ও বেসরকারি সংস্থার একটি স্বেচ্ছাসেবী জোট যা উন্মুক্ত, আন্তঃপরিচালনযোগ্য মানদন্ড ব্যবহার করে ব্যক্তিদেরকে তাদের টিকাকরণের রেকর্ডের বা পরীক্ষার নেগেটিভ ফলাফলের একটি নির্ভরযোগ্য এবং যাচাইযোগ্য কপি ডিজিটাল বা CDC টিকাকরণ কার্ড আকারে অ্যাক্সেস করার ক্ষমতা দেওয়ার প্রতি প্রতিশ্রুতিবদ্ধ।

ব্যক্তিদের একটি বিনামূল্যে, বিশ্বস্ত, গোপনীয়তা-সংরক্ষিত, এবং তাদের নিজস্ব টিকাকরণের রেকর্ডের যাচাইযোগ্য কপি অথবা কাগজ বা ডিজিটাল আকারে ল্যাবরেটরির ফলাফলের অ্যাক্সেস পাওয়ার ক্ষমতা দেওয়ার জন্য Excelsior Pass *Plus* নিউ ইয়র্ক স্টেটের প্রতিশ্রুতির উপরে বিস্তৃতিলাভ করে। Excelsior Pass *Plus* বিশ্বব্যাপী যাচাইযোগ্য স্বাস্থ্যের শংসাপত্র জারি এবং গ্রহণের জন্য প্রয়োজনীয় মানদন্ডগুলির সমন্বয় করতে সহায়তা করে - একটি ব্যক্তিবিশেষের পরিচয়ের সাথে আবদ্ধ স্বাক্ষরিত ক্লিনিকাল ডেটা।

আমার কি Excelsior Pass *Plus* ব্যবহার করার প্রয়োজন আছে?

না, অংশগ্রহণ স্বেচ্ছামূলক। আপনার Excelsior Pass *Plus* আপনাকে আপনার স্বাস্থ্য বিষয়ক তথ্যের নিয়ন্ত্রণ নিজের হাতে রাখার ক্ষমতা দেয়। এমনকি একটি Excelsior Pass *Plus* পাওয়ার পরেও আপনি সিদ্ধান্ত নেবেন যে আপনি এটি ব্যবহার করবেন কিনা এবং কখন বা কীভাবে দেখাবেন ও ব্যবহার করবেন। যেখানে প্রযোজ্য, টিকাকরণ ও/বা পরীক্ষার নেগেটিভ ফলাফলের বিকল্প প্রমাণ, যেমন CDC টিকাকরণ কার্ড বা পরীক্ষার কাগজের ফল অবশ্যই গ্রহণ করতে হবে।

Excelsior Pass *Plus* ব্যবহার করার জন্য কত খরচ হয়?

Excelsior Pass *Plus* বিনামূল্য।

আমি কি একই ডিভাইসে একাধিক ধরনের পাস দেখাতে পারি?

হ্যাঁ। আপনি যতগুলি পাসের জন্য যোগ্য হতে পারেন, সেই সবগুলিই আপনি পেতে, সংরক্ষণ করতে বা দেখাতে পারেন। এর অন্তর্ভুক্ত হল:

- Excelsior Vaccination Pass
- Excelsior PCR Pass
- Excelsior Antigen Pass
- Excelsior Vaccination Pass *Plus*
- Excelsior PCR Pass *Plus*
- Excelsior Antigen Pass *Plus*

Excelsior Pass সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে Excelsior Pass FAQs দেখুন।

আমি কি একই ডিভাইসে একাধিক ব্যক্তির জন্য Excelsior Pass *Plus* দেখাতে পারি?

হ্যাঁ, 18+ বয়সী প্রাপ্তবয়স্কদের এবং 18 বছরের কম বয়সী শিশুদের জন্য একাধিক Excelsior Pass *Plus* পাস একই ডিভাইসে সংরক্ষণ করা যেতে পারে।

আমাকে কতদিন আমার Excelsior Pass *Plus*ব্যবহার করতে হবে? এটির মেয়াদ কি উত্তীর্ণ হবে?

আপনার Excelsior Vaccination Pass *Plus* হল আপনার COVID-19 টিকাকরণ রেকর্ডের একটি ডিজিটাল কপি। যেমন, আপনার Excelsior Vaccination Pass *Plus* এর কোনও মেয়াদ উত্তীর্ণ হওয়ার তারিখ নেই।

আপনার Excelsior PCR Pass *Plus* একটি পরীক্ষার পরে তৃতীয় দিনের মধ্যরাত্রি পর্যন্ত বৈধ। আপনার Excelsior PCR Pass *Plus* এর মেয়াদ শেষ হওয়ার পরে, একটি নতুন Excelsior PCR Pass *Plus*পাওয়ার জন্য একটি নতুন নেগেটিভ PCR পরীক্ষার প্রয়োজন হয়।

আপনার Excelsior Antigen Pass *Plus* একটি পরীক্ষার সময় থেকে 6 ঘণ্টার জন্য বৈধ। আপনার Excelsior Antigen Pass *Plus* এর মেয়াদ উত্তীর্ণ হওয়ার পরে, একটি নতুন Excelsior Antigen Pass *Plus*পাওয়ার জন্য একটি নতুন নেগেটিভ অ্যান্টিজেন পরীক্ষার প্রয়োজন হয়।

আমি যদি কোনও অনুষ্ঠানের টিকিট কিনে থাকি, কিন্তু আমার Excelsior Pass *Plus* বৈধ না হয়, সেই ক্ষেত্রে আমি কি মূল্য ফেরত পেতে পারি?

আপনি যে সংস্থায় যাবেন তার মূল্য ফেরত দেওয়ার নীতিগুলি অনন্য। সংস্থাটির মূল্য ফেরত দেওয়ার নীতিগুলির বিষয়ে আপনাকে সরাসরি তাদের সাথেই পরামর্শ করার সুপারিশ করা হয়।

লভ্যতা

আমার স্মার্টফোনে অ্যাক্সেস না থাকলে আমি কীভাবে একটি Excelsior Pass *Plus* পেতে পারি?

Excelsior Pass *Plus* এ অংশগ্রহণ স্বেচ্ছামূলক এবং স্মার্টফোনে অ্যাক্সেস থাকুক বা না থাকুক সকল নিউ ইয়র্কবাসীকে অন্তর্ভুক্ত করার জন্য পরিকল্পিত। আপনি Excelsior Pass ওয়েব পোর্টাল থেকে সহজেই আপনার Excelsior Pass *Plus* প্রিন্ট করতে পারেন।

আপনি সরাসরি কোনো প্রতিষ্ঠানে COVID-19 টিকাকরণের বা পরীক্ষার নেগেটিভ ফলাফলের বিকল্প প্রমাণও দেখাতে পারেন, যেমন CDC টিকাকরণ কার্ড বা কাগজের পরীক্ষার ফলাফল।

Excelsior Pass *Plus* কি একাধিক ভাষায় উপলব্ধ?

হ্যাঁ। Excelsior Pass *Plus* 10 টিরও বেশি ভাষায় উপলব্ধ যার অন্তর্ভুক্ত হল ইংরেজি, স্প্যানিশ, চীনা (পরম্পরাগত ও সরলীকৃত), রাশিয়ান, হাইতিয়ান ক্রেওল, কোরিয়ান, বাংলা, আরবী, ইটালিয়ান, পোলিশ ও ইদ্দিশ।

শোনা বা দেখার প্রতিবন্ধকতা আছে এমন মানুষদের জন্য Excelsior Pass *Plus* কি উপলভ্য?

হ্যাঁ। শোনা বা দেখার অক্ষমতা থাকতে পারে এমন মানুষদের পক্ষে এটি ব্যবহার করা সহজ তা সুনিশ্চিত করার জন্য অ্যাপ্লিকেশনটি অ্যাক্সেসযোগ্যতার পরীক্ষার মধ্যে দিয়ে গেছে।

নীতি

একটি PCR পরীক্ষা ও অ্যান্টিজেন পরীক্ষার মধ্যে কী কী পার্থক্য আছে?

খাদ্য ও ওষুধ প্রশাসন (Food and Drug Administration, FDA) এর মতে, PCR পরীক্ষাগুলি হল আণবিক পরীক্ষা যা ভাইরাসটির জিনগত উপাদান সনাক্ত করে এবং অ্যান্টিজেন পরীক্ষাগুলি ভাইরাস থেকে সুনির্দিষ্ট প্রোটিনগুলিকে সনাক্ত করে। আপনি FDA এর Coronavirus Disease 2019 Testing Basics (করোনাভাইরাস রোগ 2019 পরীক্ষা করার মৌলিক বিষয়)-এ পরীক্ষা সম্বন্ধে আরও পড়তে পারেন।

আমি কোথায় COVID-19-এর জন্য পরীক্ষা করাতে পারি?

পুরো নিউ ইয়র্ক স্টেট জুড়ে COVID-19 এর পরীক্ষা ব্যাপকভাবে উপলব্ধ। COVID-19 পরীক্ষা সম্বন্ধে যে ব্যক্তিদের কোনো প্রশ্ন আছে, তাদের 1-888-364-3065 নম্বরে নিউ ইয়র্ক স্টেট COVID-19 হটলাইনে ফোন করা উচিত অথবা NYS Find A Test Site Near You (NYS আপনার কাছে একটি পরীক্ষার কেন্দ্র খুঁজুন) দেখা উচিত।

আমার COVID-19 অ্যান্টিবডির জন্য পরীক্ষার ফল যদি পজিটিভ হয়, তাহলে আমি কি একটি Excelsior Pass *Plus*পেতে পারি?

এই সময়ে, Excelsior Pass *Plus* শুধুমাত্র নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ হেলথ (NYSDOH) নির্দেশিকা অনুসারে COVID-19 টিকাকরণের তথ্য বা COVID-19 রোগনির্ণায়ক পরীক্ষার নেগেটিভ ফলাফল উপস্থাপনের জন্য উপলব্ধ আছে।

সুরক্ষা ও গোপনীয়তা

আমার ডেটা কি গোপনীয় ও সুরক্ষিত?

হ্যাঁ। আপনার তথ্য গোপনীয়, সুরক্ষিত এবং শুধুমাত্র আপনার Excelsior Pass *Plus*পাওয়ার জন্যই ব্যবহার করা যায়। অতিরিক্ত:

- আপনার COVID-19 টিকাকরণ বা পরীক্ষার নেগেটিভ ফলাফলের বৈধতা প্রতিপাদন করার একমাত্র উদ্দেশ্য ছাড়া, বিক্রয় বা বিপণনের উদ্দেশ্যে আপনার ব্যক্তিগত ডেটা ব্যবহার করা হবে না বা কোনো তৃতীয় পক্ষের সঙ্গে শেয়ার করা হবে না।
- এটি নিউ ইয়র্ক স্টেট দ্বারা জারি করা একটি আসল প্রমাণপত্র এবং এটিকে কোনওভাবে জাল করা বা পরিবর্তন করা হয় নি তা যাচাইকারীদের কাছে প্রমাণ করার জন্য, আপনার Excelsior Pass *Plus* এ ক্রিপ্টোগ্রাফিক সিগনেচার আছে।
- আপনার পাস যে আপনারই তা নিশ্চিত করতে আপনাকে আপনার Excelsior Pass *Plus* এর পাশাপাশিও আপনার নাম এবং জন্ম তারিখ সহ একটি বৈধ ফটো ID পেশ করতে হবে।

আপনার Excelsior Pass *Plus*দেখাবেন কিনা, কখন ও কীভাবে দেখাবেন তা আপনিই বেছে নেবেন। আপনার Excelsior Pass *Plus* দেখানো আপনার CDC টিকাকরণ কার্ড বা পরীক্ষার ফলাফলের কাগজ শেয়ার করার মত ঠিক একই রকম।

দুটি-ধাপে প্রমাণীকরণ কী এবং Excelsior Pass *Plus*পাওয়ার সময় এটি কীভাবে আমার তথ্যকে সুরক্ষিত রাখে?

আপনার নামের প্রথমাংশ ও শেষাংশ, জন্ম তারিখ, জিপ কোড এবং ফোন নম্বর প্রবেশ করানোর পাশাপাশি, আপনাকে অবশ্যই আপনার জন্য অনন্য "চ্যালেঞ্জ প্রশ্নগুলি" এর একটি সেটে সঠিকভাবে উত্তর দিতে হবে (উদাহরণস্বরূপ, *'আপনি কখন আপনার টিকার সিরিজের চূড়ান্ত ডোজটি পেয়েছিলেন?'*)। আপনার পরিচয় যাচাই করার জন্য "চ্যালেঞ্জ প্রশ্নগুলি" এর উত্তর ব্যবহার করা হয় এবং সঞ্চয় করা হবে না।

আপনার Excelsior Pass *Plus*পাওয়ার জন্য আপনাকে একটি এলোপাথাড়িভাবে সৃষ্ট 6-অঙ্কের কোডও প্রবেশ করাতে হবে। এই কোডটি একটি সেল ফোন নম্বরে টেক্সট হিসেবে; ল্যান্ডলাইন টেলিফোন নম্বরে ভয়েস মেসেজ হিসেবে; অথবা আপনার COVID-19 টিকাকরণ রেকর্ডের সাথে সংশ্লিষ্ট একটি ইমেইল ঠিকানায় সুরক্ষিতভাবে পাঠানো হবে। এই অতিরিক্ত প্রমাণীকরণ ফ্যাক্টরটি আপনি ছাড়া অন্য কারও দ্বারা COVID-19 টিকাকরণ রেকর্ড বা পরীক্ষার ফলাফল অর্জন করার সুযোগকে আরও কমিয়ে দিতে সাহায্য করে।

আমার ব্যক্তিগত তথ্য কি NYS Excelsior Pass Wallet অ্যাপে সঞ্চয় করা হবে?

আপনি যদি আপনার Excelsior Pass *Plus*সঞ্চয় করার জন্য NYS Excelsior Pass Wallet অ্যাপটি ব্যবহার করা বেছে নেন, তাহলে আপনার Excelsior Pass *Plus*এ আপনার প্রথম নাম, শেষ নাম (পদবি) ও জন্ম তারিখ সঞ্চয় করা হবে। আপনার Excelsior Pass *Plus*দেখাবেন কিনা, কখন ও কীভাবে দেখাবেন তা আপনিই বেছে নেবেন।

একটি Excelsior Vaccination Pass *Plus*এর জন্য, আপনার CDC টিকাকরণ কার্ড দ্বারা প্রদান করা তথ্যের সাথে মিলযুক্ত ডেটাও সঞ্চয় করা হবে। এর অন্তর্ভুক্ত হল:

- টিকার ডোজের তারিখ
- টিকার ধরন
- টিকাকরণের স্থান
- লট নম্বর

একটি Excelsior PCRPass *Plus* বা Excelsior Antigen Pass *Plus*এর জন্য, আপনার পরীক্ষার ফলাফলের মাধ্যমে প্রদত্ত তথ্যের সাথে মেলানো ডেটাও সংরক্ষণ করা হবে। এর অন্তর্ভুক্ত হল:

- পরীক্ষার তারিখ ও সময়
- পরীক্ষার ধরন
- পরীক্ষার ফলাফল
- পরীক্ষা কেন্দ্র
- LOINC কোড
- পরীক্ষার বর্ণনা

আপনার পাস পাওয়ার জন্য আপনার পরিচয় যাচাই করতে ব্যবহৃত "চ্যালেঞ্জ প্রশ্নগুলি" এর উত্তর সংরক্ষণ করা হবে না। আপনি যে কোনো সময় একটি Excelsior Pass *Plus* ডিলিট করতে পারেন।

আমার Excelsior Pass *Plus*-এ কী তথ্য দেখতে পাওয়া যায়?

আপনার টিকাকরণের রেকর্ডের একটি সুরক্ষিত ডিজিটাল কপি হিসেবে, আপনার Excelsior Vaccination Pass *Plus* এ আপনার CDC টিকাকরণ কার্ডের মতো একই তথ্য অন্তর্ভুক্ত থাকে। এর অন্তর্ভুক্ত হল:

- টিকার ডোজের তারিখ
- টিকার ধরন
- টিকাকরণের স্থান
- লট নম্বর

একটি Excelsior PCR পাস *Plus* বা Excelsior Antigen Pass *Plus* এ আপনার কাগজের পরীক্ষার ফলাফলের মতো একই তথ্য অন্তর্ভুক্ত আছে। এর অন্তর্ভুক্ত হল:

- পরীক্ষার তারিখ ও সময়
- পরীক্ষার ধরন
- পরীক্ষার ফলাফল
- পরীক্ষা কেন্দ্র
- LOINC কোড
- পরীক্ষার বর্ণনা

যে যাচাইকারী প্রতিষ্ঠানগুলি আপনার Excelsior PassPass *Plus* এর QR কোডটি স্ক্যান করবে, তাদেরকে আপনি জিজ্ঞাসা করতে পারেন যে তারা আপনার ডেটা কীভাবে ব্যবহার করবে কিংবা তারা এটি রেখে দেবে কিনা। আপনার Excelsior Pass *Plus* দেখানো আপনার CDC টিকাকরণ কার্ড বা পরীক্ষার ফলাফলের কাগজ শেয়ার করার মত ঠিক একই রকম। আপনার Excelsior Pass *Plus*দেখাবেন কিনা, কখন ও কীভাবে দেখাবেন তা শুধুমাত্র আপনিই বেছে নেবেন।

কোনো প্রতিষ্ঠান যখন NYS Excelsior Pass Scanner অ্যাপের মাধ্যমে আমার Excelsior Pass *Plus* স্ক্যান করে তখন তারা কোন তথ্য দেখতে পারে?

যখন কোনো প্রতিষ্ঠান আপনার Excelsior Pass *Plus*স্ক্যান করার জন্য NYS Excelsior Pass Scanner অ্যাপ ব্যবহার করে, তখন তারা শুধুমাত্র যে ব্যক্তিগত তথ্য দেখতে সমর্থ হবে তা হল আপনার নামের প্রথমাংশ, নামের শেষাংশ এবং জন্মের ডেটা।

যদি Scanner অ্যাপটি একটি বৈধ পাস স্ক্যান করে, তাহলে Scanner অ্যাপটি "Pass Valid (পাস বৈধ)" প্রদর্শন করবে। যদি Scanner অ্যাপটি এমন একটি পাস স্ক্যান করে যা স্টেটের প্রদানের মানদন্ডগুলি পূরণ করে না, তাহলে Scanner অ্যাপটি "Pass Not Valid (পাস বৈধ নয়)" প্রদর্শন করবে।

আমার Excelsior Pass *Plus* স্ক্যান করার জন্য NYS Excelsior Pass Scanner অ্যাপ ব্যবহারকারী প্রতিষ্ঠানগুলি কি আমার ব্যক্তিগত তথ্য সেভ বা সংরক্ষণ করতে পারবে?

না। আমার Excelsior Pass *Plus* স্ক্যান করার জন্য NYS Excelsior Pass Scanner অ্যাপ ব্যবহারকারী প্রতিষ্ঠানগুলি আমার ব্যক্তিগত তথ্য সেভ বা সংরক্ষণ করতে পারবে না । এই কারণেই একজন ব্যক্তি একটি প্রতিষ্ঠান, ব্যবসা বা স্থান প্রবেশ করানোর সময় তাকে প্রতিবার অবশ্যই তার পাস পুনরায় পেশ করতে হবে।

এটি সুপারিশ করা হয় যে আপনি শুধুমাত্র আপনার Excelsior Pass *Plus* পরিচিত এবং বিশ্বস্ত পক্ষগুলির সাথে শেয়ার করুন। একটি প্রতিষ্ঠানের কাছে Excelsior Pass *Plus* পেশ করার আগে, আপনাকে ব্যক্তিগত তথ্য সংগ্রহ, সংরক্ষণ এবং শেয়ার করার বিষয়ে যাচাইকারীর নীতি চাওয়ার এবং পর্যালোচনা করার পরামর্শ দেওয়া হয় যাতে নিশ্চিত করা যায় যে আপনার Excelsior Pass *Plus* স্ক্যান করার মাধ্যমে প্রাপ্ত তথ্য শুধুমাত্র সেই সময়ে আপনার COVID-19 টিকাকরণ বা পরীক্ষার তথ্য যাচাই করার উদ্দেশ্যে ব্যবহার করা হবে এবং তারপরে অবিলম্বে ডিলিট করা হবে।

আপনি যদি আপনার Excelsior Pass *Plus* এর একটি কাগজের কপি প্রিন্ট এবং ব্যবহার করার সিদ্ধান্ত নেন, তাহলে আপনার প্রিন্ট করা Excelsior Pass *Plus* এর উপর আপনার বাস্তব নিয়ন্ত্রণ সুরক্ষিত রাখতে এবং বজায় রাখতে হবে ঠিক যেমন আপনি আপনার CDC টিকাকরণ কার্ড, পরীক্ষার ফলাফল, বা সংবেদনশীল, ব্যক্তিগত স্বাস্থ্য সংক্রান্ত তথ্য সম্বলিত অন্যান্য সংবেদনশীল নথির ক্ষেত্রে করবেন।

আপনার Excelsior Vaccination Pass *Plus* আপনার CDC টিকাকরণ কার্ডের মত একই তথ্য দেখায়। আপনার Excelsior PCR Pass Plus ও/বা Excelsior Antigen Pass Plus আপনার COVID-19 পরীক্ষার ফলাফলের মতো একই তথ্য দেখায়।

Excelsior Pass *Plus* কি আমার অবস্থানের ওপরে নজর রাখে?

না। Excelsior Pass *Plus* আপনার অবস্থানের ওপরে নজর রাখে না।

আমি যদি একটি পজিটিভ COVID-19 পরীক্ষার ফলের পরে একটি Excelsior Pass *Plus* পাওয়ার চেষ্টা করি, তাহলে কি নিউ ইয়র্ক স্টেট বা অন্য কাউকে জানানো হবে?

না। Excelsior Pass *Plus* কারও সঙ্গে আপনার তথ্য আদানপ্রদান করে না। এছাড়াও, আপনার পরীক্ষার ফলাফল পজিটিভ হলে Excelsior Pass *Plus* পাওয়া যায় না।

অন্য কেউ পূর্ণরূপে টিকাকৃত হয়েছেন কিনা কিংবা তার COVID-19 এর জন্য পরীক্ষার ফল নেগেটিভ হয়েছে কিনা তা দেখতে আমি কি এই অ্যাপ ব্যবহার করতে পারি?

না। Excelsior Pass *Plus* শুধুমাত্র আপনার নিজের ব্যক্তিগত ব্যবহারের জন্য।

আমি কোথায় Excelsior Pass *Plus* এর গোপনীয়তা নীতিটি পড়তে পারি?

আপনি Excelsior Pass গোপনীয়তা ওয়েবপেজে গিয়ে Excelsior Pass *Plus* গোপনীয়তার নীতিটি দেখতে পারেন।

প্রযুক্তিগত সহায়তা

Excelsior Pass অ্যাপ্লিকেশনগুলি ব্যবহার করার জন্য মৌলিক আবশ্যকতাগুলি কী?

iOS 13.0+ বা Android 7.0+ এ চলা স্মার্টফোনগুলির সাথে Excelsior Pass অ্যাপ্লিকেশনগুলি সামঞ্জস্যপূর্ণ।

শ্রেয় হলে, আপনি Excelsior Pass ওয়েবসাইট বা NYS Excelsior Pass Wallet অ্যাপ থেকে আপনার Excelsior Pass *Plus* এর একটি কাগজের কপিও প্রিন্ট করতে পারেন।

আমার টিকাকরণ বা পরীক্ষার তথ্য নিশ্চিত করা না গেলে আমার কী করা উচিত?

একটি Excelsior Vaccination Pass *Plus*এর জন্য: অনুগ্রহ করে যাচাই করুন যে আপনার CDC টিকাকরণ কার্ডে আপনার তথ্য ঠিক যেভাবে দেখা যায়, আপনি হুবহু সেভাবেই তা প্রবেশ করিয়েছেন, যেহেতু আপনার Excelsior Pass *Plus*পাওয়ার জন্য আপনাকে সেই তথ্য সঠিকভাবে মেলাতে হবে। এর অন্তর্ভুক্ত হল:

- নামের প্রথমাংশ ও শেষাংশ
- জন্ম তারিখ
- আপনি যে কাউন্টিতে আপনার টিকা পেয়েছিলেন (নিউ ইয়র্ক স্টেট, নিউ জার্সি বা ভারমন্টের বাইরে টিকা দেওয়া নিউ ইয়র্কবাসীদের ক্ষেত্রে, এটি সেই কাউন্টি যেখানে আপনার তথ্য নিউ ইয়র্কের যে স্বাস্থ্যসেবা প্রদানকারীরা প্রবেশ করাচ্ছেন তারা অবস্থান করে)
- আপনি যে তারিখে আপনার টিকার সিরিজের শেষ ডোজটি (Janssen/Johnson & Johnson (J&J) টিকাকরণ সিরিজের একটি ডোজ অথবা Pfizer বা Moderna সিরিজের দুটি ডোজের দ্বিতীয়টি) নিয়েছিলেন।
- আপনি যে ধরনের টিকা নিয়েছিলেন

একটি Excelsior PCR Pass *Plus* বা Excelsior Antigen Pass *Plus*এর জন্য: অনুগ্রহ করে যাচাই করুন যে আপনার পরীক্ষার ফলাফলে আপনার তথ্য ঠিক যেভাবে দেখা যায়, আপনি হুবহু সেভাবেই তা প্রবেশ করিয়েছেন, যেহেতু আপনার Excelsior Pass *Plus*পাওয়ার জন্য আপনাকে সেই তথ্য সঠিকভাবে মেলাতে হবে। এর অন্তর্ভুক্ত হল: আপনার প্রথম নাম, শেষ নাম (পদবি), আপনি যেখানে আপনার পরীক্ষাটি গ্রহণ করেছিলেন তার অবস্থান, যে তারিখে আপনাকে পরীক্ষা করা হয়েছিল এবং আপনি যে ধরনের পরীক্ষা গ্রহণ করেছিলেন।

আপনার Excelsior Pass *Plus*পাওয়ার জন্য একটি দুই-ফ্যাক্টর প্রমাণীকরণ অবশ্যই সম্পাদন করতে হবে। এটি সম্পাদন করার জন্য, একটি বৈধ ইমেল ঠিকানা বা ফোন নম্বর অবশ্যই রেকর্ডে থাকতে হবে।

আপনি যদি এরপরেও আপনার Excelsior Pass *Plus*না পান, তাহলে আপনি যা করতে পারেন:

- আপনার সঠিক তথ্য জমা দেওয়া হয়েছে তা নিশ্চিত করতে, আপনার টিকা পরিচালকের সঙ্গে যোগাযোগ করুন। সকল টিকা পরিচালকদের কাছে অবশ্যই এমন কর্মী থাকতে হবে যারা এই সমস্যাগুলি সংশোধন করার জন্য নিয়োজিত ও উপলভ্য আছেন। একবার কোনও পরীক্ষাকারী ল্যাবরেটরি পরীক্ষার ফলাফলের তথ্য স্টেটের কাছে জমা দেওয়ার পরে তা আর পরিবর্তন করা যাবে না।
- আপনি যদি নিউ ইয়র্ক সিটির ভিতরে সিটি-পরিচালিত কোনো কেন্দ্রে টিকা নিয়ে থাকেন এবং আপনার একটি টিকাকরণ রেকর্ড পরিবর্তন করার প্রয়োজন হয়, তাহলে আপনি সিটির ভিতর

থেকে 311 নম্বরে অথবা নিউ ইয়র্ক সিটির বাইরে থেকে 212-639-9675 নম্বরে ফোন করতে পারেন বা cir@health.nyc.gov এ ইমেল করতে পারেন। এছাড়াও আপনি যদি নিউ ইয়র্ক সিটির একজন বাসিন্দা হন এবং পূর্ণরূপে টিকাকৃত হন, কিন্তু আপনার CDC টিকাকরণ কার্ডটি হারিয়ে গিয়ে থাকে, তাহলে আপনি 311 এ ফোন করে আপনার COVID-19 টিকাকরণ রেকর্ড-এর একটি কপির জন্য অনুরোধ করতে পারেন।

- একটি রেকর্ড পর্যালোচনার অনুরোধ ফর্ম (record review request form)জমা দিন। অনুগ্রহ করে মনে রাখবেন যে এই ফর্মটি শুধুমাত্র টিকাকরণের রেকর্ডের জন্য, পরীক্ষার ফলাফলের রেকর্ডের জন্য নয়।
- সাধারণ জিজ্ঞাসার জন্য/সমস্যার সমাধানে সাহায্য করতে একটি রেকর্ড পর্যালোচনার অনুরোধ জমা দেওয়ার ক্ষেত্রে সহায়তা পাওয়ার জন্য Excelsior Pass হেল্প ডেস্কে (844) 699-7277 এ ফোন করুন।

মধ্যবর্তী সময়ে, আপনি সবসময়ই সরাসরি একটি প্রতিষ্ঠানে COVID-19 টিকাকরণের বা পরীক্ষার নেগেটিভ ফলাফলের বিকল্প প্রমাণ দেখাতে পারেন, যেমন একটি CDC টিকাকরণ কার্ড বা কাগজের পরীক্ষার ফলাফল।

আমি কীভাবে একটি Excelsior Pass *Plus* -কে NYS Excelsior Pass Wallet অ্যাপথেকে সরাবো?

অনুগ্রহ করে কীভাবে একটি Excelsior Pass *Plus* অপসারণ করতে হয় তা ধাপে-ধাপে নির্দেশমূলক নির্দেশিকায় পর্যালোচনা করুন:

- iOS এর জন্য NYS Excelsior Pass Wallet
- Android এর জন্য NYS Excelsior Pass Wallet

আমার Excelsior Pass *Plus*সম্বন্ধে প্রশ্ন থাকলে আমি কী করব?

কীভাবে ওয়েবসাইটটি নেগিভেট করতে হয় বা আপনার Excelsior Pass *Plus*উদ্ধার করতে হয় তা সহ, Excelsior Pass *Plus*সম্বন্ধে সাধারণ প্রশ্ন বা প্রযুক্তিগত জিজ্ঞাসার জন্য, আপনি সহায়তা ফর্ম পূরণ করতে পারেন বা প্রতিদিন সকাল 8 টা থেকে রাত 8টা EST পর্যন্ত 844-699-7277 এ Excelsior হেল্প ডেস্কে যোগাযোগ করতে পারেন।

আমি কীভাবে Excelsior Pass *Plus*সম্পর্কে মতামত জমা দিতে পারি?

যদি আপনার Excelsior Pass *Plus*সম্বন্ধে কোনও মতামত থাকে, তাহলে অনুগ্রহ করে আমাদের সহায়তা ফর্ম এর মাধ্যমে তা ভাগ করে নিন।

আপনার সমস্যা হলে, অনুগ্রহ করে আমাদের সহায়ক, ধাপে ধাপে নির্দেশমূলক গাইডগুলির মধ্যে থেকে একটি দেখুন:

- Excelsior Pass ওয়েবসাইট | español
- iOS এর জন্য NYS Excelsior Pass Wallet | español
- Android এর জন্য NYS Excelsior Pass Wallet | español

প্রদানকারীদের জন্য

একজন প্রদানকারী হিসেবে, COVID-19 টিকাকরণ সম্পর্কে কোন ডেটা প্রদান করার জন্য আমি দায়িত্বশীল?

টিকা প্রয়োগের 24 ঘন্টার মধ্যে উপযুক্ত ডেটা সিস্টেমে (নিউ ইয়র্ক সিটি প্রদানকারীদের জন্য শহরব্যাপী টিকাদান নিবন্ধন (Citywide Immunization Registry, CIR) এবং অন্যান্য সমস্ত প্রদানকারীদের জন্য নিউ ইয়র্ক স্টেট টিকাদান তথ্য পদ্ধতি (New York State Immunization Information System, NYSIIS)) সম্পূর্ণ এবং নির্ভুল COVID-19 টিকাকরণের ডেটা রিপোর্ট করার জন্য আপনি দায়িত্বশীল থাকেন। ডেটা প্রবিষ্ট করার সময়ে সমস্ত প্রয়োজনীয় ও অত্যাবশ্যক ক্ষেত্রগুলি অবশ্যই সম্পূর্ণ করতে হবে। তথ্য রিপোর্ট করার নির্দেশিকার বিষয়ে আরো তথ্যের জন্য অনুগ্রহ করে NYSIIS and CIR Requirements for Providers (প্রদানকারীদের জন্য NYSIIS ও CIR এর আবশ্যকতা) দেখুন।

গ্রাহক/রোগীরা যখন আমাকে বলেন যে তাদের একটি Excelsior Pass *Plus*পেতে সমস্যা হচ্ছে, তখন COVID-19 টিকা প্রদানকারী একজন ব্যক্তি হিসেবে আমি কী করব?

যে প্রদানকারী টিকাটি প্রয়োগ করেছিলেন তিনি NYSIIS এ (অথবা CIR প্রদানকারী নিউ ইয়র্ক সিটিতে অবস্থিত হলে) সমস্ত টিকাকরণের তথ্য সঠিকভাবে প্রবেশ করানোর জন্য দায়িত্বশীল থাকেন। আপনার গ্রাহক/রোগীদের মধ্যে কারও যদি একটি Excelsior Pass *Plus*পেতে সমস্যা হয়, তাহলে আপনার প্রথম পদক্ষেপ হওয়া উচিত NYSIIS/CIR এ তার তথ্য যাচাই করা (শুধু আপনার সিস্টেম/ইলেকট্রনিক চিকিৎসাগত রেকর্ডে দেখবেন না)। কী খুঁজতে হবে এবং কীভাবে তথ্যের ত্রুটিগুলি সংশোধন করতে হবে সেই বিষয়ে আরো তথ্যের জন্য অনুগ্রহ করে Excelsior Pass Fact Sheet for Vaccine Providers (টিকা প্রদানকারীদের জন্য Excelsior Pass তথ্য পত্র) দেখুন।

আমি যদি নিউ ইয়র্ক স্টেটের একজন স্বাস্থ্যসেবা প্রদানকারী হই, তাহলে আমি কি সেই রোগীদের জন্য COVID-19 টিকাকরণের তথ্য জমা দিতে পারি যারা নিউ ইয়র্ক স্টেট-এর বাসিন্দা, কিন্তু স্টেটের বাইরে তাদের টিকা নিয়েছেন?

আপনার যদি ইয়র্ক স্টেটের বাইরে টিকা নিয়েছেন এমন রোগী থাকেন যারা টিকাকরণের প্রমাণ দেখাতে পারেন, তাহলে নিউ ইয়র্ক স্টেট ও/বা নিউ ইয়র্ক সিটির সুরক্ষিত টিকাকরণের ডেটাবেসগুলিতে সেই রোগীদের টিকাকরণের রেকর্ডগুলি আপনার প্রবেশ করানো উচিত। আপনি ঐতিহাসিক ডোজ হিসেবে এগুলি জমা দেবেন, যাতে দেখানো যায় যে আপনি রোগীকে ডোজটি প্রদান করেন নি। আপনি যদি নিউ ইয়র্ক স্টেটের একজন প্রদানকারী হন, তাহলে COVID-19 টিকাকরণের ডেটা প্রবেশ করানোর বিষয়ে আরো তথ্যের জন্য অনুগ্রহ করে NYSIIS and CIR Requirements for Providers (প্রদানকারীদের জন্য NYSIIS ও CIR এর আবশ্যকতা) দেখুন।